দৈনিক
আমাদের সময়

তারিখ 27 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ২

রাজশাহী কলেজ হোস্টেল

# ছাত্রীকে ছাত্রলীগ নেত্রীর মারধর

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ■ রাজশাহী কলেজের আবাসিক ছাত্রী হোস্টেলের এক ছাত্রীকে পিটিয়ে আহত করেছেন ছাত্রলীগের এক নেত্রী ও তার সাঙ্গপাঙ্গরা। গতকাল সকাল সাড়ে ১০টার দিকে কলেজ হোস্টেলের ২০১ নম্বর কক্ষে এ ঘটনা ঘটে। আহত ছাত্রীর নাম সাবিনা আক্তার। তিনি রাজশাহী কলেজের মনোবিজ্ঞান বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী।

সাবিনাকে মারধরকারী ছাত্রলীগের ওই নেত্রীর নাম সাবানা খাতুন। তিনি রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী এবং একই হোস্টেলের ১০৭ নম্বর কক্ষের আবাসিক শিক্ষার্থী।

আহত সাবিনা খাতুন জানান, গত বুধবার রাত ১২টার দিকে ১০৭ নম্বর কক্ষের বাইরে বসে মোবাইলে উচ্চস্বরে গান শুনছিলেন সাবানা খাতুন। এ সময় ২০১ নম্বর কক্ষে থাকা সাবিনা খাতুন পরীক্ষার প্রস্তুতি নিচ্ছিলেন। মোবাইলে উচ্চস্বরে গান বাজানোর কারণে তার সমস্যা হচ্ছে উল্লেখ করে সাবিনা জানালা দিয়ে সাবানাকে গান বন্ধের অনুরোধ করেন।